<u>সংবাদ বিজ্ঞপ্তি</u>

## জলবায়ু অর্থায়নে সুশাসন বিষয়ক আন্তঃবিশ্বদ্যিালয় সংসদীয় বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করেছে টিআইবি

**ঢাকা, ১৯ জানুয়ারি ২০১৭:** 'জলবায়ু অর্থায়নে সুশাসন: সিদ্ধান্ত গ্রহণ ও ব্যবস্থাপনায় চাই তথ্যের উন্মুক্ততা ও কার্যকর নাগরিক অংশগ্রহণ' এই প্রতিপাদ্যে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) জাতীয় পর্যায়ে আন্তঃবিশ্ববিদ্যালয় সংসদীয় বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করেছে। জলবায়ু ও পরিবেশ, পানি, জলবায়ু তহবিল ব্যবস্থাপনা, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা, জলবায়ু পরিবর্তন বিষয়ক প্যারিস চুক্তি ইত্যাদি বিভিন্ন বিষয় এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

প্রতিযোগিতায় বাংলাদেশের যে কোন বিশ্ববিদ্যালয় ও বিশ্ববিদ্যালয় কলেজের নিবন্ধিত বিতর্ক সংগঠনের স্নাতক-স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নরত শিক্ষার্থীরা দলগতভাবে অংশগ্রহণ করতে পারবেন। বাংলা মাধ্যমে আয়োজিত সংসদীয় এই বিতর্ক প্রতিযোগিতায় প্রতি দলে তিনজন বিতার্কিকের নাম নিবন্ধন করা যাবে। নিবন্ধনের ক্রম অনুযায়ী নির্দিষ্টসংখ্যক দলকে প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে। ২৪ থেকে ২৬ ফেব্রুয়ারি ২০১৭ টিআইবি'র ধানমন্ডিস্থ অফিসে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

প্রতিযোগিতায় নিবন্ধনের জন্য ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি), মাইডাস সেন্টার, বাড়ি নং- ০৫, রোড- ১৬ (নতুন), ২৭ (পুরাতন), ধানমন্ডি, ঢাকা-১২০৯ এই ঠিকানায় যোগাযোগ করতে হবে। এছাড়া http://www. ti-bangladesh.org/evo/ এই লিংকের মাধ্যমে অনলাইনেও আবেদন করা যাবে। আবেদনের শেষ তারিখ ০৯ ফেব্রুয়ারি, বৃহস্পতিবার ২০১৭। এ বিষয়ে বিস্তারিত তথ্য টিআইবি'র ওয়েবসাইট www.ti-bangladesh.org-তে পাওয়া যাবে।

গণমাধ্যম যোগাযোগ:

**রিজওয়ান-উল-আলম**
পরিচালক (আউটরিচ অ্যান্ড কমিউনিকেশন)
ই-মেইল: rezwan@ti-bangladesh.org
ফোন: ০১৭১৩ ০৬৫০১২